
# মূল বইয়ের অতিরিক্ত অংশ

## দশম অধ্যায়: বাংলাদেশ সরকারের অর্থব্যবস্থা

### পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶ ১** নিচের চিত্রের আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:




◀ *শিখনফল-২*

ক. রাজস্ব বাজেট কী? ১

খ. বাজেটের প্রকারভেদ ব্যাখ্যা করো। ২

গ. চিত্রের সরকারি আয়ের যে খাতগুলো আছে, তার যে কোনো একটি ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর যে, সরকারি আয়ের আরও অনেক খাত আছে? বিশ্লেষণ করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** দেশের প্রশাসনিক কাজকর্ম পরিচালনার জন্যে যে বাজেট গ্রহীত হয় তাকে রাজস্ব বাজেট বলে।

**খ** বাজেটকে সাধারণত দু'ভাগে ভাগ করা যায়; যথা- চলতি বাজেট এবং মূলধন বাজেট। আয় ব্যয়ের ভারসাম্যের দিক থেকে বাজেটকে প্রথমত দুই ভাগে ভাগ করা যায়; যথা- সুষম বাজেট এবং অসম বাজেট। অসম বাজেট আবার দু'প্রকার; যথা- উদ্বৃত্ত বাজেট এবং ঘাটতি বাজেট।

**গ** চিত্রে সরকারি আয়ের যেসব খাত উল্লেখ করা হয়েছে তার মধ্যে মূল্য সংযোজন কর বা ভ্যাট (VAT) সরকারের কর রাজস্বের অন্যতম প্রধান উৎস।

উৎপাদনের বিভিন্ন স্তরে সংযোজিত মূল্যের উপর যে নির্দিষ্ট হারে কর আরোপ করা হয় তাকে ভ্যাট বা মূল্য সংযোজন কর বলে। এটি একটি পরোক্ষ কর। বর্তমানে আমাদের দেশে আমদানিকৃত ও স্থানীয়ভাবে উৎপাদিত দ্রব্য ও সেবাখাতের ওপর উৎপাদন থেকে ভোগ পর্যন্ত বিভিন্ন পর্যায়ে নির্দিষ্ট (১৫%) হারে এ কর ধার্য করা হয়। সাধারণত ফার্মের উৎপাদন কাজের মোট বিক্রয়মূল্য থেকে বিভিন্ন উপকরণের ক্রয়মূল্য বাদ দিলে যা অবশিষ্ট থাকে, তার সাথে ভ্যাটের হার গুণ করলে মূল্য সংযোজন কর পাওয়া যায়। অর্থাৎ মূল্য সংযোজন কর বা ভ্যাট = (মোট উৎপাদন মূল্য – মোট উপকরণ মূল্য) × ভ্যাটের হার।

ভ্যাট আরোপ করে সরকার প্রতিবছর বিপুল পরিমাণ কর রাজস্ব আদায় করে থাকে, যা ফাঁকি দেয়ার কোন সুযোগ নেই। ভবিষ্যতে আরো অধিক পরিমাণে সরকারি আয় অর্জনের লক্ষ্যে এ খাতের আওতা আরও সম্প্রসারিত করা যেতে পারে।

**ঘ** হ্যাঁ, উদ্দীপকে উল্লিখিত কর, ভ্যাট ও শুল্ক ছাড়াও সরকারি আয়ের আরো অনেক খাত রয়েছে বলে আমি মনে করি।

বাংলাদেশ একটি নিম্নমধ্যম আয়ের দেশ। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, জনকল্যাণ সাধন, প্রশাসন পরিচালনা, দেশ রক্ষা ইত্যাদি কাজে সরকার অনেক অর্থ ব্যয় করে। এই ব্যয় নির্বাহের জন্য সরকারকে বিভিন্ন উৎস হতে আয় সংগ্রহ করতে হয়। এই আয়ের উৎস প্রধানত দুটি। যথা- কর রাজস্ব ও কর বহির্ভূত রাজস্ব।

উদ্দীপকের চিত্রটিতে উল্লিখিত কর, ভ্যাট ও শুল্ক হচ্ছে কর রাজস্বের মূল উৎস। সরকার জনগণের কাছ থেকে বাধ্যতামূলকভাবে যে অর্থ আদায় করে কিন্তু তার বিনিময়ে জনগণকে সরকারি বিশেষ কোনো সুবিধা দিতে হয় না তাই কর রাজস্ব। অন্যদিকে কর রাজস্বের উৎসগুলো ছাড়াও অন্য অনেক উৎস হতে সরকার রাজস্ব সংগ্রহ করে। যেমন- সরকার তার মালিকানাধীন বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে বছর শেষে লভ্যাংশ ও মুনাফা পেয়ে থাকে। যা সরকারি আয়ের অন্যতম প্রধান উৎস। এছাড়া সরকারি কর্মচারি, বিভিন্ন আর্থিক ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানকে দেয়া ঋণের সুদ হিসেবে সরকার প্রতিবছর কিছু অর্থ আয় করে থাকে। জনগণকে বিভিন্ন প্রশাসনিক ও অর্থনৈতিক সেবা প্রদান করার মাধ্যমেও সরকার প্রতিবছর কিছু অর্থ আয় করে। কোর্ট ফি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি এ ধরনের আয়ের প্রধান উৎস।

আবার সরকারি বিভিন্ন সম্পত্তি ভাড়া ও ইজারা দেওয়ার মাধ্যমে, বিভিন্ন সেতু থেকে টোল ও লেভি আদায়, রেলওয়ের যাত্রী বহন ও দ্রব্যসামগ্রী পরিবহনের ভাড়া, ডাক বিভাগের আয় ইত্যাদি হতেও সরকার প্রতিবছর রাজস্ব আয় করে থাকে। উপরের আলোচিত উৎস থেকে অর্জিত পরিমাণ যথেষ্ট না হলে প্রতিবছর সরকার ব্যয় নির্বাহের জন্য বিদেশি ঋণ, সাহায্য, দান, অনুদান এসবের উপর নির্ভর করতে হয়।

**প্রশ্ন ▶ ২** ড. হুমায়ুন কবির সরকারের ব্যয়ের ওপর একটি গবেষণা পরিচালনা করতে গিয়ে দেখেন, সরকারি ব্যয়ের খাত অনেক বিস্তৃত। শিক্ষা, জনপ্রশাসন ও স্বাস্থ্য খাতে সরকারকে প্রচুর অর্থ ব্যয় করতে হয়। কিন্তু আমাদের মতো উন্নয়নশীল দেশে ব্যয়ের খাতের তুলনায় আয়ের খাত অত্যন্ত সীমিত। তাই তিনি বাংলাদেশের আয়ের খাত বাড়ানোর জন্য কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেন। ◀ *শিখনফল-৩*

ক. Excise Duties কী? ১

খ. সরকারি ব্যয় কাকে বলে? ২

গ. ড. হুমায়ুনের গবেষণায় বাংলাদেশ সরকারের ব্যয়ের কোন খাতগুলোর কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বাংলাদেশে ব্যয়ের তুলনায় আয়ের খাত অত্যন্ত সীমিত।' বাংলাদেশের আয়ের উৎসগুলো বিশ্লেষণ করে ড. হুমায়ুনের উক্তির সার্থকতা বিশ্লেষণ করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** দেশের অভ্যন্তরে উৎপাদিত ও ব্যবহৃত দ্রব্যের ওপর যে কর ধার্য করা হয়, তাকে Excise Duties বলা হয়।

**খ** দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, দেশরক্ষা ও পরিচালনা এবং জনগণের সার্বিক কল্যাণ প্রভৃতি কাজের জন্য সরকার যে অর্থ ব্যয় করে তাকে সরকারি ব্যয় বলে।

গণতন্ত্রের উন্মেষ ও উন্নয়নের ফলে রাষ্ট্রীয় কর্মকাণ্ডের পরিধি ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। যার ফলে অনেক নতুন নতুন খাতও ব্যয়ের তালিকায় অন্তর্ভুক্ত

হয়েছে। বর্তমানে শিক্ষা ও প্রযুক্তি, প্রতিরক্ষা, জনপ্রশাসন, জনস্বাস্থ্য, সামাজিক নিরাপত্তা ইত্যাদি সরকারি ব্যয়ের উল্লেখযোগ্য খাত।

**গ** ড. হুমায়ুনের গবেষণায় বাংলাদেশ সরকারের শিক্ষা, জনপ্রশাসন এবং জনস্বাস্থ্য খাতগুলোর ব্যয়ের কথা উল্লেখ করা হয়েছে।

রাষ্ট্র পরিচালনার জন্য সরকারকে নানাবিধ ব্যয় করতে হয়। প্রশাসনের বিভিন্ন বিভাগে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও ভাতা এবং অফিস পরিচালনা বাবদ সরকারকে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ ব্যয় করতে হয়। আবার, মানবসম্পদ উন্নয়নের অন্যতম হাতিয়ার হলো শিক্ষা। প্রাথমিক, উপানুষ্ঠানিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষাসহ নারী শিক্ষার উন্নয়নে সরকার প্রচুর অর্থ ব্যয় করে।

জনগণের সুচিকিৎসার জন্য হাসপাতাল ও মেডিকেল কলেজ স্থাপন, বিনামূল্যে ওষুধ প্রদান, মহামারী প্রতিরোধ, ডাক্তার ও নার্সের প্রশিক্ষণ ইত্যাদি খাতেও সরকারকে অর্থ ব্যয় করতে হয়। চিকিৎসা সেবা বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ছড়িয়ে দেয়ার জন্য প্রতিটি ইউনিয়নে স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন এবং সেখানে ডাক্তার ও স্বাস্থ্যকর্মী নিয়োগের ফলে এ খাতে ব্যয়ের পরিমাণ আরও বৃদ্ধি পেয়েছে।

**ঘ** ড. হুমায়ুনের উক্তিটি যথার্থ। কারণ বিগত কয়েক দশকে বাংলাদেশ সরকারের প্রশাসনিক জনকল্যাণ ও উন্নয়নমূলক ব্যয় অনেক বৃদ্ধি পেলেও আয়ের নতুন কোন খাত তৈরি হয়নি। দিন দিন সরকারের নতুন নতুন ব্যয়ের খাত সৃষ্টি হচ্ছে। অথচ সেই তুলনায় আয়ের খাতগুলোর পরিধি তেমন বৃদ্ধি পাচ্ছে না। বর্তমানে বাংলাদেশ সরকার নির্দিষ্ট কিছু খাত তথা কর ও কর বহির্ভূত উৎস হতে আয় করে।

একটি নির্দিষ্ট সময়ে আয়ের ওপর ব্যক্তিকে আয়কর এবং কোম্পানিকে করপোরেশন কর দিতে হয়। কর ফাঁকি, ধনী কৃষকদের কাছ থেকে কর আদায় না করা, শিল্পায়নের মন্থর গতি প্রভৃতি কারণে এ উৎস সমূহ থেকে আয় তেমন বাড়ে না। দেশে পণ্যসামগ্রীর উৎপাদন থেকে ভোগ পর্যন্ত বিভিন্ন পর্যায়ে সংযোজিত মূল্যের ভিত্তিতে ভ্যাট ধার্য করা হয়। এ করের পরিধি বিস্তৃত না হওয়ায় এখান থেকে প্রাপ্ত রাজস্ব আশানুরূপ নয়। দেশের আমদানির ওপর আমদানি শুল্ক ধার্য করা হয়। কিন্তু বহির্বাণিজ্য ধীর গতিতে বাড়ায় এ উৎস থেকে আয়ও ধীরে ধীরে বাড়ে। দেশের ভেতর উৎপাদিত ও ব্যবহৃত দ্রব্যসামগ্রীর ওপর আবগারি শুল্ক ধার্য করা হয়। দেশে এধরনের দ্রব্যের উৎপাদন কম বলে এ উৎস থেকে প্রাপ্ত আয়ও বেশ কম।

তাছাড়া, সরকার নতুন নতুন কর আরোপ করে যে রাজস্ব সংগ্রহ করতে পারতো তা রাজনৈতিক কারণে করতে পারে না। আবার একই কারণে বিদ্যমান করের হারগুলোও সরকার বাড়ায় না। ফলশ্রুতিতে সরকারি ব্যয় বাড়লেও আয়ের উৎস এখন পর্যন্ত সীমিতই রয়ে গেছে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** চঞ্চল সাহেব একটি মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক। স্কুলের প্রশাসন পরিচালনায় তাকে নানাবিধ কার্যসম্পাদন করতে হয়। এজন্যে স্কুল পরিচালনার জন্যে বৎসরের শুরুতে একটি বাজেট প্রণয়ন করতে হয়। তবে তিনি সাধারণত উদ্বৃত্ত বাজেট প্রণয়ন করেন। ◀*শিখনফল-৭*

ক. ফি কী? ১

খ. বাজেট কী কী প্রকারের হয়? ২

গ. চঞ্চল সাহেব তার প্রতিষ্ঠানের জন্যে কেন উদ্বৃত্ত বাজেট করে- ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশ সরকারের বাজেট কি উদ্বৃত্ত বাজেট হওয়া বাঞ্ছনীয়- উদ্দীপকের আলোকে তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** সরকার জনগণকে প্রশাসনিক সেবা প্রদানের জন্যে যে অর্থ আয় করে তাকে ফি বলে।

**খ** বাজেটকে সাধারণত দু'ভাগে ভাগ করা যায়; যথা- সুষম বাজেট বা সমতাপ্রাপ্ত বাজেট এবং অসম বাজেট বা সমতাহীন বাজেট। আয় ব্যয়ের প্রকৃতির ভিত্তিতে বাজেটের দু'টো অংশ থাকে। যথা- রাজস্ব বাজেট এবং মূলধন বাজেট।

১. **সুষম বাজেট:** যে বাজেটে আয় ও ব্যয়ের পরিমাণ সমান থাকে তাকে সুষম বাজেট বলে।

২. **অসম বাজেট:** যে বাজেটে আয় ও ব্যয় সমান থাকে না তাকে অসম বাজেট বলে।

অসম বাজেট আবার দু'প্রকার; যথা- উদ্বৃত্ত বাজেট এবং ঘাটতি বাজেট।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** উদ্বৃত্ত বাজেট ব্যাখ্যা করো।

**ঘ** বাংলাদেশ সরকারের বাজেটের ধরন আলোচনা করো।

**প্রশ্ন ▶৪** 'শরিফ ট্রেডার্স' এর মালিক শরিফ উদ্দিন কুয়েতসহ মধ্যপ্রাচ্যের অনেক দেশ থেকে মালামাল আমদানি করে। তার প্রতিনিধিরা সেখান থেকে এগুলো ক্রয় করে বাংলাদেশের মালিক শরিফ উদ্দিনের কাছে পাঠিয়ে দেয়। তার ভাই আলাউদ্দিন একটি চা বাগানের মালিক এবং চা উৎপাদন করে সে এগুলো সিলেটসহ দেশের বিভিন্ন জায়গায় বিক্রি করে। ◀*শিখনফল-২*

ক. সরকারি অর্থব্যবস্থা কী? ১

খ. কর রাজস্ব বলতে কী বোঝায়? ২

গ. 'শরিফ ট্রেডার্স' ব্যবসা থেকে সরকার যে আয় করে থাকে পাঠ্যপুস্তকের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো শরিফ উদ্দিন ও তার ভাই এর ব্যবসা থেকে সরকার একই ধরনের আয় করে থাকে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থনীতি বিষয়ের যে শাখা সরকারের আয়, ব্যয় ও ঋণ-সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করে তাকে সরকারি অর্থব্যবস্থা বলে।

**খ** সরকার জনগণের কাছ থেকে বাধ্যতামূলকভাবে যে অর্থ আদায় করে কিন্তু তার বিনিময়ে জনগণ সরকার থেকে সরাসরি বিশেষ কোনো সুযোগ-সুবিধা আশা করতে পারে না, তাকে কর বলে।

সরকার দেশের নিবাসী বা অনিবাসী ব্যক্তি, বিভিন্ন ব্যবসায় ও শিল্প প্রতিষ্ঠান এবং পণ্যের ওপর যে কর ধার্য করে তা থেকে প্রাপ্ত আয়কে কর রাজস্ব বলে।


*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** আমদানি শুল্কের ধারণা বর্ণনা করো।

**ঘ** আমদানি শুল্ক ও আবগারি শুল্কের স্বরূপ বিশ্লেষণ করো।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶ ৫**




◀ *শিখনফল-৪*

ক. সুষম বাজেট কী? ১

খ. ভর্তুকি কী? ব্যাখ্যা করো। ২

গ. প্রশ্নবোধক স্থানগুলোতে কী বসবে? ৩

ঘ. প্রশ্নবোধক স্থানগুলোর শব্দগুলো বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶ ৬** সম্পূরক শুল্ক, আবগারি শুল্ক, ভূমি রাজস্ব, অর্থনৈতিক সেবা, জনপ্রশাসন, বিদ্যুৎ, জ্বালানি, জনস্বাস্থ্য, সামাজিক নিরাপত্তা ও কল্যাণ। ◀ *শিখনফল-২*

ক. VAT-এর পূর্ণরূপ লেখ। ১

খ. সরকারি অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের কোনগুলো সরকারের আয়ের উৎস? বর্ণনা করো। ৩

ঘ. বাকি খাতগুলোতে ব্যয়ের মাধ্যমে সরকার দেশের উন্নয়নে কীভাবে ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. কোন প্রকল্পের আওতায় সরকার বিভিন্ন জেলার স্বল্পশিক্ষিত ও বেকার যুবকদের কারিগরি প্রশিক্ষণ দিয়ে থাকে?**
ক) ন্যাশনাল সার্ভিস খ) দারিদ্র্য বিমোচন
গ) পল্লি উন্নয়ন ঘ) নিরাপত্তা বেষ্টনী

**২. ন্যাশনাল সার্ভিস প্রকল্পের আওতায় সরকার স্বল্পশিক্ষিত ও বেকার যুবকদের কত বছর মেয়াদি কারিগরি প্রশিক্ষণ দিয়ে থাকে?**
ক) ১ বছর খ) ২ বছর
গ) ৩ বছর ঘ) ৪ বছর

**৩. সামাজিক নিরাপত্তা ও কল্যাণের আওতায় পড়ে—**
i. একটি বাড়ি একটি খামার
ii. বেকার যুবকদের প্রশিক্ষণ প্রদান
iii. ১০০ দিনের কর্মসৃজন কর্মসূচি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:**
সুলতানা বেগম শিক্ষা মন্ত্রণালয়ের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি প্রতি মাসে বেতন ও ভাতা পান। বর্তমানে তিনি নারী শিক্ষা উন্নয়নের একটি প্রকল্পে কাজ করছেন। এ প্রকল্পের অর্থায়ন দেশীয় ও বিদেশি উৎস হতে করা হয়।

**৪. সুলতানা বেগমের বেতন ও ভাতা সরকারের কোন খাতের অন্তর্ভুক্ত?**
ক) অর্থনৈতিক সেবা খাত
খ) স্থানীয় সরকার
গ) জন প্রশাসন
ঘ) শিক্ষা ও প্রযুক্তি

**৫. নারী শিক্ষা উন্নয়ন প্রকল্পে ব্যয়ের অর্থায়ন করা হয়—**
i. অ-উন্নয়ন বাজেট উদ্বৃত্ত হতে
ii. অতিরিক্ত কর ধার্যের মাধ্যমে
iii. বৈদেশিক সাহায্য হতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৬. আয়-ব্যয়ের সুবিন্যস্ত হিসাবকে কী বলে?**
ক) আয় খ) ব্যয়
গ) বাজেট ঘ) নিরীক্ষা

**৭. বাজেট বলতে কী বোঝায়?**
ক) সরকারি সব ধরনের কাজের বিবরণী
খ) সরকারি আয়-ব্যয়ের সুবিন্যস্ত হিসাব
গ) সরকারি দেনা-পাওনার হিসাব
ঘ) সরকারি উন্নয়নমূলক কাজের বিবরণী

**৮. কোনটি সরকারি অর্থব্যবস্থার মূল চালিকাশক্তি?**
ক) কর রাজস্ব খ) বাজেট
গ) শিক্ষা ও প্রযুক্তি ঘ) সংসদ

**৯. বাংলাদেশে বাজেট প্রণয়নের পর অনুমোদনের জন্যে কোথায় উপস্থাপন করা হয়?**
ক) সংসদে খ) শাসন বিভাগে
গ) বিচার বিভাগে ঘ) একনেক এর সভায়

**১০. বাজেটে কীসের চিত্র ফুটে ওঠে?**
ক) অর্থনীতির খ) রাজনীতির
গ) সমাজের ঘ) সংস্কৃতির

**১১. সম্প্রতি পুলিশ বাহিনীকে আমূল পরিবর্তনের লক্ষ্যে সরকার তাদের জন্য বাজেটে একটি বিরাট অংশ বরাদ্দ করে। পুলিশ বাহিনীর জন্য বরাদ্দকৃত এ অর্থ কোন বাজেটের আওতায় পড়বে বলে তুমি মনে কর?**
ক) প্রশাসনিক বাজেট
খ) চলতি বাজেট
গ) মূলধন বাজেট
ঘ) উদ্বৃত্ত বাজেট

**১২. VAT এর পুরো নাম কী?**
ক) Value And Tax
খ) Value of Tax
গ) Value Accept Tax
ঘ) Value Added Tax

**১৩. আয় অপেক্ষা ব্যয় বেশি হলে সরকার কী করেন?**
ক) বেশি কর ধার্য করে
খ) বেশি উৎপাদন করে
গ) ঋণ গ্রহণ করে
ঘ) বাজেট বড় করে

**১৪. কোনটি উদ্বৃত্ত বাজেটের সূত্র?**
ক) মোট আয় < মোট ব্যয়
খ) মোট আয় > মোট ব্যয়
গ) মোট আয় = মোট ব্যয়
ঘ) মোট আয় — মোট ব্যয়

**১৫. সরকারি আয়ের উৎস প্রধানত কত প্রকার?**
ক) দুই প্রকার খ) তিন প্রকার
গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

**১৬. বাংলাদেশ সরকার কী উপায়ে অর্থ আয় করে?**
ক) জনগণের কাছ থেকে ঋণ নিয়ে
খ) কর রাজস্ব ও কর বহির্ভূত উৎস থেকে
গ) কেবল জনগণের ওপর ধার্যকৃত কর থেকে
ঘ) বিদেশ থেকে ঋণ নিয়ে

**১৭. উন্নয়ন বাজেটের কয়টি অংশ রয়েছে?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**১৮. বৈদেশিক দান, অনুদান কোন বাজেটে অন্তর্ভুক্ত থাকে?**
ক) রাজস্ব বাজেট খ) সুষম বাজেট
গ) ঘাটতি বাজেট ঘ) মূলধন বাজেট

**১৯. নিচের কোন উৎস হতে সরকারের আয় হয়?**
ক) হাসপাতাল স্থাপন খ) খাদ্য ও পশুপালন
গ) বৃক্ষরোপন ঘ) প্রমোদ কর

**২০. সরকারের কোন শুল্ক আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধি ছাড়াও সামাজিক কল্যাণ বৃদ্ধি পায়?**
ক) অন্যান্য শুল্ক খ) মাদক শুল্ক
গ) রপ্তানি শুল্ক ঘ) সম্পূরক শুল্ক

**২১. নিচের কোনটি কর বহির্ভূত আয়ের উদাহরণ?**
ক) ভ্যাট খ) ভূমি রাজস্ব
গ) টোল ও লেভি ঘ) স্ট্যাম্প বিক্রয়

**২২. বাজেট হলো সরকারি অর্থব্যবস্থার—**
ক) মূল চালিকাশক্তি খ) মূল চাবিকাঠি
গ) মূলনীতি ঘ) মূল কাজ

**২৩. দেশের প্রশাসনিক কাজকর্ম পরিচালনা জন্যে ব্যয় করে কোন বাজেটে?**
ক) সুষম খ) মূলধন
গ) চলতি ঘ) উদ্বৃত্ত

**২৪. উদ্বৃত্ত বাজেটে মোট আয় ও ব্যয়ের পার্থক্য কীরূপ?**
ক) ধনাত্মক খ) ঋণাত্মক
গ) অসীম ঘ) শূন্য

**২৫. পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন কোন কাজের অন্তর্ভুক্ত?**
ক) মূলধন বাজেট খ) সুষম বাজেট
গ) অসম বাজেট ঘ) রাজস্ব বাজেট

**২৬. আবগারি শুল্ক ধার্য করা হয়—**
i. সিগারেট
ii. কেরোসিন iii. তামাক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৭. কর রাজস্বের মধ্যে উল্লেখযোগ্য হলো—**
i. Vat
ii. Income tax iii. Land Revenue
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৮. বাংলাদেশ সরকারের অ-উন্নয়ন বাজেটের মূল লক্ষ্য হলো—**
i. প্রশাসন পরিচালনা
ii. শিক্ষা iii. দেশ রক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৯. সরকারি অর্থব্যবস্থার মূল চালিকাশক্তি কী?**
ক) সুষম বাজেট খ) অসম বাজেট
গ) উদ্বৃত্ত বাজেট ঘ) বাজেট

**৩০. সরকারি অর্থ ব্যবস্থার আলোচ্য বিষয়—**
i. সরকারের আয়
ii. সরকারের ব্যয়
iii. ব্যক্তিগত আয় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট মান-৭০

**১.▶** লিমা একটি দোকানে কেনাকাটা করতে যায়। সে কেনাকাটা শেষে মূল্য পরিশোধ করে তাকে দামের সাথে কিছু অতিরিক্ত মূল্য দিতে হয়। এ প্রসঙ্গে দোকান মালিককে জিজ্ঞাসা করলে তিনি বলেন, এটা সরকার কর্তৃক নির্ধারিত হারে ক্রেতার নিকট আদায় করা হয়।

ক. ভূমি রাজস্ব কী? ১
খ. সম্পূরক শুল্ক কী? ব্যাখ্যা করো। ২
গ. লিমার কাছ থেকে আদায়কৃত অতিরিক্ত অর্থ সরকারি রাজস্বের কোন উৎসের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. আবগারি শুল্কের সাথে লিমা প্রদত্ত অতিরিক্ত অর্থের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

**২.▶** শফিক আহমেদ একজন আমদানিকারক। তিনি কুয়েতসহ মধ্যপ্রাচ্যের অনেক দেশ থেকে মালামাল আমদানি করেন। এসব মালামাল দেশে বিভিন্ন বিক্রেতার মাধ্যমে বিক্রি করেন। এজন্য তাকে সরকারকে বিপুল পরিমাণ অর্থ ট্যাক্স দিতে হয়। তার ভাই অলি আহমেদ একটি চা বাগানের মালিক এবং চা উৎপাদন করে সে এগুলো সিলেটসহ দেশের বিভিন্ন জায়গায় বিক্রি করেন। এজন্য তার ভাইকেও সরকারকে কর দিতে হয়।

ক. সরকারি অর্থব্যবস্থা কী? ১
খ. কর রাজস্ব বলতে কী বোঝায়? ২
গ. শফিক আহমেদ ব্যবসা থেকে সরকারকে যে কর দিয়ে থাকে তা কোন ধরনের কর ব্যাখ্যা করো। ৩
ঘ. শফিক আহমেদ ও তার ভাই অলি আহমেদ কি সরকারকে একই ধরনের কর দিয়ে থাকে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** দশম শ্রেণির ছাত্র নাসিম তার শিক্ষকের কাছে বাজেট কী প্রশ্ন করে, শিক্ষক বললেন সরকারের আয় ও ব্যয়ের বিভিন্ন খাত সমূহের সুবিন্যস্ত হিসাবের একটি স্পষ্ট তালিকা। আয়ের খাতগুলোর মধ্যে ভ্যাট, আবগারি শুল্ক, ভূমি রাজস্ব ইত্যাদি। ব্যয়ের খাতগুলোর মধ্যে প্রতিরক্ষা, বেসামরিক প্রশাসন, শিক্ষা ও জনসংখ্যা নিয়ন্ত্রণ ইত্যাদি।

ক. বাজেট বলতে কী বুঝ? ১
খ. বাজেটের প্রকারভেদ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে সরকারের আয়ের উৎস হিসাব করে রাজস্বের উৎসগুলো বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কোন করসমূহ সরকারের রাজস্ব আয় বৃদ্ধিতে সহায়ক বলে মনে করো? বিশ্লেষণ করো। ৪

**৪.▶** আনোয়ার সাহেব শিল্প মন্ত্রণালয়ে চাকরি করেন। চাকরির সুবাদে তিনি একবার জাপান গিয়েছিলেন। সেখানে তিনি দেখলেন জাপান সরকার এমন কিছু খাতে বিনিয়োগ করছে যা বাংলাদেশ সরকার করছে না। তিনি আরও লক্ষ করলেন জাপানের তুলনায় বাংলাদেশ সরকার শিক্ষা ও প্রযুক্তিতে অনেক কম ব্যয় করে।

ক. সরকারি অর্থব্যবস্থা কাকে বলে? ১
খ. মূল্য সংযোজন কর সম্পর্কে ধারণা দাও। ২
গ. উদ্দীপকে জাপান কোন খাতে বেশি ব্যয় করে বলে আনোয়ার সাহেব লক্ষ করলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রেক্ষিতে বাংলাদেশের ব্যয়ের খাতগুলো বিশ্লেষণ করো। ৪

**৫.▶** আকাশ টেক্সটাইল মিলস এর একটি বিক্রয় কেন্দ্র থেকে কাপড় কিনে। টাকা দেওয়ার সময় তাকে দাম ছাড়াও অতিরিক্ত কিছু টাকা দিতে হলো। কারণ জানতে চাইলে তারা বললেন, এটা একটা কর যা পণ্য বিক্রির প্রতিটি স্তরে ক্রেতাকে দিতে হয়। আরও বললেন, কাপড় উৎপাদনের জন্য তাদের সরকারকে কর দিতে হয়। এ কথা শুনে আকাশ কিছুটা অবাক হলো।

ক. কর বহির্ভূত রাজস্ব কাকে বলে? ১
খ. একজন বেকারের মধ্যে কী কী বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? ২
গ. আকাশ কাপড় কেনার সময় অতিরিক্ত যে ধরনের কর দিয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কর দুটির মধ্যে কোনটি সরকারের আয় বৃদ্ধিতে সহায়ক বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৬.▶** 'V' দেশের সরকার ভ্যাট, সেবা, ভাড়া ও ইজারা, ভূমি রাজস্ব জরিমানা ইত্যাদি থেকে আয় করে। এছাড়া বৈদেশিক সাহায্য ও ঋণ থেকে আয় করে। সরকারের আয়ের প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য ব্যয় করা এবং উন্নয়ন করা।

ক. ভূমি রাজস্ব কাকে বলে? ১
খ. সরকারি অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'V' দেশের আলোকে বাংলাদেশের রাজস্ব আয়গুলোর বর্ণনা করো। ৩
ঘ. 'V' দেশের সরকারের মতো সকল দেশের আয় ও ব্যয়ের লক্ষ্য উন্নয়ন করা— বিশ্লেষণ করো। ৪

**৭.▶** জামাল একজন দিন মজুর। সে চুক্তিতে বড় বড় ডেভেলপার কোম্পানিতে মিস্ত্রির কাজ করে। একদিন সে জানতে পারে তার মালিক এই মাসে কর প্রদান করেছে। সে জানতে চায় কর কী এবং কেন দিতে হয় এবং তাকে দিতে হবে কিনা?

ক. আবগারি শুল্ক কী? ১
খ. মূল্য সংযোজন কর (ভ্যাট) বলতে কী বোঝায়? ২
গ. জামালের মালিক যে কর প্রদান করেছে তা কী রকম কর? ব্যাখ্যা করো। ৩
ঘ. এ উদ্দীপকের উক্ত কর ছাড়া সরকার আর কী কী কর আদায়ের মাধ্যমে আয় করে থাকে? ব্যাখ্যা করো। ৪

**৮.▶** শাহানা বেগম একজন ব্যাংকার। তিনি তার সংসার পরিচালনার জন্য বাজেট তৈরি করেন। কিন্তু বছরের শেষে দেখা যায় তার বাজেটটি ঘাটতি বাজেট।

ক. ভ্যাট কী? ১
খ. মূলধনী বাজেট কাকে বলে? ২
গ. উদ্দীপকের শাহানা বেগমের যে ঘাটতি দেখা যায় তার সংসারে তা কী প্রভাব ফেলে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শাহানা বেগমের সংসার পরিচালনার মতো রাষ্ট্রীয় ক্ষেত্রে বাজেট প্রয়োগ কতটা জরুরি বলে তুমি মনে কর? ৪

**৯.▶** অলম সাহেব একজন সফল উদ্যোক্তা। সিলেটে তার বিশাল চা কারখানা থেকে উৎপাদিত পণ্যের উপর বিপুল পরিমাণ কর দিতে হয়। তার শিল্পপতি বন্ধু আমদানি ও রপ্তানি বাণিজ্যে নিয়োজিত। বিপুল সম্পদের মালিক কিন্তু তিনি কর ফাঁকি দেন।

ক. উন্নয়ন বাজেট কাকে বলে? ১
খ. উন্নয়নশীল দেশে ঘাটতি বাজেট প্রণয়নে গুরুত্ব দেয় কেন? ২
গ. আলম সাহেব কোন ধরনের কর প্রদান করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. আলম সাহেবের বন্ধু এনাম সাহেবের মত কর প্রদান করলে দেশ ক্রমে আত্মনির্ভরশীলতার দিকে এগিয়ে যাবে— বিশ্লেষণ করো। ৪

**১০.▶** চঞ্চল সাহেব একটি মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক। স্কুলের প্রশাসন পরিচালনায় তাকে নানাবিধ কার্য সম্পাদন করতে হয়। এজন্য স্কুল পরিচালনার জন্য বৎসরের শুরুতে একটি বাজেট প্রণয়ন করতে হয়। তবে তিনি সাধারণত উদ্বৃত্ত বাজেট প্রণয়ন করেন।

ক. ফি কী? ১
খ. বাজেটের প্রকারভেদ উল্লেখ করো। ২
গ. চঞ্চল সাহেব তার প্রতিষ্ঠানের জন্য কেন উদ্বৃত্ত বাজেট করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশ সরকারের বাজেট কি উদ্বৃত্ত বাজেট হওয়া বাঞ্ছনীয়? উদ্দীপকের আলোকে তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

**১১.▶** ইসহাক একটি জাপানি কোম্পানিতে চাকরির সুবাদে কিছুদিন আগে জাপান গিয়েছিলেন। সেখানে তিনি দেখলেন যে, জাপানের সরকার অর্থনীতির বিভিন্ন খাতে ব্যয় করছে যা বাংলাদেশ সরকার করছে না। তিনি লক্ষ করলেন জাপানের তুলনায় বাংলাদেশে শিক্ষা ও প্রযুক্তিতে সরকার অনেক কম ব্যয় করে।

ক. আমদানি শুল্ক কী? ১
খ. বাজেট বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জাপান কোন খাতে বেশি ব্যয় করে বলে ইসহাক লক্ষ করলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রেক্ষিতে বাংলাদেশের ব্যয়ের খাতগুলো বিশ্লেষণ করো। ৪

### সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক |